**বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট**
ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

## ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ পালন উপলক্ষ্যে সভার কার্যবিবরণী

অদ্য ০৩/০৮/২০২৬ তারিখ সকাল ১০:০০ টায় ইনস্টিটিউট এর সম্মেলন কক্ষে আগামী ০৫ আগস্ট ২০২৬ ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ পালন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০২০.২৩.০০৫.২২-৭৮৫ তারিখ: ২৮ জুলাই ২০২৬ অনুযায়ী এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র ইনস্টিটিউটের মহাপরিচালক, ড. কবির উদ্দিন আহমেদ। সভায় উপস্থিত সদস্যদের তালিকা সংযুক্তি ‘ক’।

সভাপতি ০৫ আগস্ট ২০২৬ ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ যথাযোগ্য মর্যাদা পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে কর্মসূচি প্রণয়নের জন্যে সভায় উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণের আহ্বান জানান। সভায় ০৫ আগস্ট ২০২৬ ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

গৃহীত সিদ্ধান্তসমূহ:

১. জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ, পাবনায় বিএসআরআই এর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২. জুলাই শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত ও জুলাই যোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে বিএসআরআই জামে মসজিদে বাদ যোহর মোনাজাত আয়োজন করতে হবে।

৩. স্থানীয় জেলা/উপজেলা প্রশাসন আয়োজিত কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে প্রধান কার্যালয়, আঞ্চলিক কেন্দ্র এবং উপকেন্দ্রসমূহে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

৪. আগামী ০৫ আগস্ট ২০২৬ ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ পালন উপলক্ষ্যে দোয়া মাহফিল আয়োজন বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ড. মো. শরিফুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা গ্রহণ ও সমন্বয়ের ব্যবস্থা করবেন।

৫. আগামী ০৫ আগস্ট ২০২৬ ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ পালন কর্মসূচিতে ইনস্টিটিউটে কর্মরত সকলকে দোয়া মাহফিলে উপস্থিত থাকতে হবে।

৬. প্রধান শিক্ষক, একাডেমিক কমিটি ও ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে বিদ্যালয়ের কর্মসূচি বাস্তবায়ন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি, আগামী ০৫ আগস্ট ২০২৬ ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬’ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৮/২৬
(ড. কবির উদ্দিন আহমেদ)
মহাপরিচালক

**বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট**
ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

নং-বিএসআরআই/এস-৫/২০২৬/২৯৬ — তারিখ: ০৩/০৮/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ প্রেরণ করা হলো।

০৩/০৮/২৬
(ড. মো. নুরে আলম সিদ্দিকী)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
বিভাগীয় প্রধান, প্রশাসন বিভাগ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (গবেষণা), বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।
২। পরিচালক (টিওটি), বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।
৩। সকল বিভাগীয় ও শাখা প্রধান, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।
৪। স্টেশন ইনচার্জ, আরএসআরএস, গাজীপুর/ঠাকুরগাঁও/সুবর্ণচর, নোয়াখালী।
৫। ইনচার্জ, বিএসআরআই সাব-স্টেশন, রাজশাহী/রহমতপুর (বরিশাল)/জামালপুর/চুয়াডাঙ্গা/জয়পুরহাট/চুনারুঘাট (হবিগঞ্জ)/ সিরাজগঞ্জ/গাইবান্ধা/বান্দরবান।
৬। বিভাগীয় প্রধান, হিসাব বিভাগ, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা- প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৭। ড. মো. শরিফুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, শারীরতত্ত্ব ও চিনি রসায়ন বিভাগ এবং বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর বিভাগ- রাজস্ব ফান্ড হতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অগ্রিম গ্রহণ ও সমন্বয়ের ব্যবস্থা করবেন।
৮। সহকারী সমন্বয় কর্মকর্তা, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।
৯। আইসিটি সেল, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা (বিএসআরআই ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। অফিস/মাস্টার ফাইল।

অধিনস্থদের গৃহীত সকল কর্মসূচিতে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ।